

বিএনপির প্রতি আমেরিকা যথেষ্ট অসন্তুষ্ট, ধারণা পররাষ্ট্রমন্ত্রীর

কূটনৈতিক প্রতিবেদক, ঢাকা



পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন মনে করেন, বিএনপি যে কাজগুলো করেছে, তাতে আমেরিকা তাদের প্রতি যথেষ্ট অসন্তুষ্ট। তা ছাড়া যুক্তরাষ্ট্র বিএনপির কাছ থেকে গণতান্ত্রিক মূল্যবোধ পায়নি আব্দুল মোমেন বলেও দাবি করেছেন তিনি।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে এক অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে সরকার চাপে আছে কি না, এমন এক প্রশ্নের উত্তরে মোমেন বলেন, 'নির্বাচন নিয়ে আমাদের ওপর বহির্বিষয়ের কোনো চাপ নেই। আমরা আমাদের নিজেদের প্রেশারে (চাপে) আছি। আমরা একটা সুষ্ঠু, সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচন করতে চাই। এটা আমাদের নিজেদের প্রেশার (চাপ), আমরা নিজেরাই এ বিষয়ে সিদ্ধান্ত নিয়েছি। বহির্বিষয় আমাদের সহায়তায় কাজ করছে।'

বহির্বিষয় বাংলাদেশে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন চায় উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'তারা এর সঙ্গে যুক্ত করেছে কোনো ভায়োলেন্স (সহিংসতা) নয়। আমরাও চাই অবাধ ও সুষ্ঠু নির্বাচন। এ ব্যাপারে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। সুতরাং আমরা কোনো চাপে নেই; বরং আমরা নিজেদের চাপে আছি।'

নিজেদের চাপের ব্যাখ্যা দিতে গিয়ে আব্দুল মোমেন বলেন, 'আমরা নিজেদের ভ্যালুস (মূল্যবোধ) প্রমোট (উৎসাহিত করা) করি। আমাদের জনগণের প্রতি বিশ্বাস রয়েছে, তাদের রায়টা আমরা চাই। আমরা চাই বহু লোক ভোটকেন্দ্রে উপস্থিত হয়ে তাদের ভোটাধিকার প্রয়োগ করুক। ভোটের উপস্থিতি নিশ্চিত করা আমাদের চ্যালেঞ্জ। আমাদের অন্য কোনো চ্যালেঞ্জ নেই।'

এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমার মনে হয়, বিএনপি যে কাজগুলো করেছে, আমেরিকা তাতে সন্তুষ্ট নয়। কারণ, আমেরিকাও জ্বালাও-পোড়াও চায় না। আমেরিকা সন্ত্রাসী তৎপরতা চায় না। সুতরাং আমার ধারণা, আমেরিকা তাদের প্রতি যথেষ্ট অসন্তুষ্ট।'

এ সময় পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, 'গণতান্ত্রিক যে মাইন্ডসেট, এটা তাদের (বিএনপি) কাছ থেকে যুক্তরাষ্ট্র পায়নি।'